রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩১, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

## প্রজ্ঞাপন

তারিখ, ১৬ জ্যৈষ্ঠ ১৪১৪/৩০ মে ২০০৭

এস, আর, ও নং ৯৫-আইন/২০০৭/শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-১/২০০৭।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "মৎস্য শিকারী ট্রলার ইন্ডাস্ট্রিজ" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীরহার নির্ধারণের উদ্দেশ্যে গঠিত "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক উক্ত আইনের ১৩৯ ধারা মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্তরূপ শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরীর হার হইবে, যথা ঃ—

### তফসিল

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী বাড়া ভাতা ও মূল মজুরীর ৩৫% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক মোট মজুরী টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **উচ্চতর দক্ষ-১/গ্রেড-১ঃ** | ৪০০০.০০ | ১৪০০.০০ | ৩২৫.০০ | ৫৭২৫.০০ |
| বসন | | | | |
| **উচ্চতর দক্ষ-২/গ্রেড-২ঃ** | ৩৭৫০.০০ | ১৩১২.৫০ | ৩২৫.০০ | ৫৩৮৭.৫০ |
| ১। ট্রল অপারেটর | | | | |
| ২। ফিস মাস্টার | | | | |
| ৩। ইঞ্জিন ফিটার/মেকানিক | | | | |



মূল্য ঃ টাকা ২.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| উচ্চতর দক্ষ-৩/গ্রেড-৩ঃ | ৩৫০০.০০ | ১২২৫.০০ | ৩২৫.০০ | ৫০৫০.০০ |
| ১। ট্রল এসিসটেন্ট | | | | |
| ২। ফিস এসিসটেন্ট | | | | |
| ৩। প্রসেস এসিসটেন্ট | | | | |
| দক্ষ-১/গ্রেড-৪ঃ | ২৮৭৫.০০ | ১০০৬.২৫ | ৩২৫.০০ | ৪২০৬.২৫ |
| ১। নাবিক-এ | | | | |
| ২। পাচক-এ | | | | |
| ৩। গ্রিজার-এ | | | | |
| দক্ষ-২/গ্রেড-৫ঃ | ২৩৭৫.০০ | ৮৩১.২৫ | ৩২৫.০০ | ৩৫৩১.২৫ |
| ১। নাবিক-বি | | | | |
| ২। পাচক সহকারী | | | | |
| ৩। জুনিয়র গ্রিজার | | | | |
| আধাদক্ষ/গ্রেড-৬ঃ | ২০০০.০০ | ৭০০.০০ | ৩২৫.০০ | ৩০২৫.০০ |
| ১। নাবিক-সি | | | | |
| ২। অয়েলম্যান | | | | |
| অদক্ষ/গ্রেড-৭ঃ | ১৫০০.০০ | ৫২৫.০০ | ৩২৫.০০ | ২৩৫০.০০ |
| নাবিক-ডি/শিক্ষানবিস | | | | |

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুশান্ত কুমার সাহা
উপ-সচিব।

**বিশেষ দ্রষ্টব্যঃ** এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ-২০০৭ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড
## "মৎস্য শিকারী ট্রলার ইন্ডাস্ট্রিজ" শিল্প সেক্টর
## সুপারিশ, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৫-০১-২০০৬ইং তারিখের শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-১১/২০০৪/০২ নং স্মারকমূলে "মৎস্য শিকারী ট্রলার ইন্ডাস্ট্রিজ" শিল্প সেক্টরে কর্মরত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য ১৬ই জুলাই, ২০০৫ইং তারিখের এস, আর, ও ২১৯-আইন/২০০৫/শ্রকম-৬/নিঃমঃনিঃ-১১/২০০৪ নম্বর প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর বোর্ড বেশ কয়েকটি বৈঠকে মিলিত হন এবং মালিক ও শ্রমিক পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করিয়া এবং শ্রমিকদের কর্মাবস্থা, মালিকদের মজুরী প্রদানের পদ্ধতি, বর্তমান অর্থনৈতিক অবস্থা ও শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যালোচনা করিয়া খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি/প্রস্তাব বিবেচনা করিয়া বোর্ড সর্ব সম্মতিক্রমে খসড়া সুপারিশে উল্লেখিত নিম্নতম মজুরী অপরিবর্তিত রাখিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন। উল্লেখ্য, সভায় উপস্থিত সকল সদস্য যথা—বোর্ডের চেয়ারম্যান জনাব আনোয়ারুল হক, নিরপেক্ষ সদস্য অধ্যাপক ইকবাল আহমদ, মালিক পক্ষের স্থায়ী সদস্য জনাব সাইফুদ্দিন আহমদ, শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য জনাব মোঃ জাফরুল হাসান, সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য জনাব মোঃ শাহ জালাল ও সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য জনাব মোঃ খোরশেদ আলম ঐকমত্যের ভিত্তিতে সুপারিশে স্বাক্ষর দান করেন।

(১) "মৎস্য শিকার ট্রলার ইন্ডাস্ট্রিজ" শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ-১/গ্রেড-১, (২) উচ্চতর দক্ষ-২/গ্রেড-২, (৩) উচ্চতর দক্ষ-৩/গ্রেড-৩, (৪) দক্ষ-১/গ্রেড-৪, (৫) দক্ষ-২/গ্রেড-৫, (৬) আধা দক্ষ/গ্রেড-৬ ও (৭) অদক্ষ/গ্রেড-৭ এই ৭(সাত) শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

(২) এই সুপারিশ ঘোষণার পর হইতে "মৎস্য শিকারী ট্রলার ইন্ডাস্ট্রিজ" শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) যদি কোন "মৎস্য শিকারী ট্রলার ইন্ডাস্ট্রিজ" শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন, তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে, তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৫) যদি কোন "মৎস্য শিকারী ট্রলার ইন্ডাস্ট্রিজ" শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক (piece rate) মজুরী দিয়া থাকেন, তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

(৬) "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

(৭) "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

| স্বাক্ষর/— | স্বাক্ষর/- | স্বাক্ষর/— |
|---|---|---|
| **(মোঃ খোর্শেদ আলম)** | **(মোঃ শাহ জালাল)** | **(মোঃ জাফরুল হাসান)** |
| সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য। | সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য। | শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য। |

| স্বাক্ষর/— | স্বাক্ষর/— | স্বাক্ষর/— |
|---|---|---|
| **(কাজী সাইফুদ্দিন আহমদ)** | **(অধ্যাপক ইকবাল আহমদ)** | **(আনোয়ারুল হক)** |
| মালিক পক্ষের স্থায়ী সদস্য। | নিরপেক্ষ সদস্য। | চেয়ারম্যান নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা। |

## তফসিল

### "ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী বাড়া ভাতা মূল মজুরীর ৩৫% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক মোট মজুরী টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) উচ্চতর দক্ষ-১/গ্রেড-১ ঃ | ৪০০০.০০ | ১৪০০.০০ | ৩২৫.০০ | ৫৭২৫.০০ |
| ১। বসন | | | | |
| (২) উচ্চতর দক্ষ-২/গ্রেড-২ ঃ | ৩৭৫০.০০ | ১৩১২.৫০ | ৩২৫.০০ | ৫৩৮৭.৫০ |
| ১। ট্রল অপারেটর | | | | |
| ২। ফিস মাস্টার | | | | |
| ৩। ইঞ্জিন ফিটার/মেকানিক | | | | |
| (৩) উচ্চতর দক্ষ-৩/গ্রেড-৩ ঃ | ৩৫০০.০০ | ১২২৫.০০ | ৩২৫.০০ | ৫০৫০.০০ |
| ১। ট্রল এসিসটেন্ট | | | | |
| ২। ফিস এসিসটেন্ট | | | | |
| ৩। প্রসেস এসিসটেন্ট | | | | |
| (৪) দক্ষ-১/গ্রেড-৪ ঃ | ২৮৭৫.০০ | ১০০৬.২৫ | ৩২৫.০০ | ৪২০৬.২৫ |
| ১। নাবিক-এ | | | | |
| ২। পাচক-এ | | | | |
| ৩। গ্রিজার-এ | | | | |
| (৫) দক্ষ-২/গ্রেড-৫ ঃ | ২৩৭৫.০০ | ৮৩১.২৫ | ৩২৫.০০ | ৩৫৩১.২৫ |
| ১। নাবিক-বি | | | | |
| ২। পাচক সহকারী | | | | |
| ৩। জুনিয়র গ্রিজার | | | | |
| (৬) আধাদক্ষ/গ্রেড-৬ ঃ | ২০০০.০০ | ৭০০.০০ | ৩২৫.০০ | ৩০২৫.০০ |
| ১। নাবিক-সি | | | | |
| ২। অয়েলম্যান | | | | |
| (৭) অদক্ষ/গ্রেড-৭ ঃ | ১৫০০.০০ | ৫২৫.০০ | ৩২৫.০০ | ২৩৫০.০০ |
| ১। নাবিক-ডি/শিক্ষানবিস | | | | |

স্বাক্ষর
(মোঃ খোরশেদ আলম)
সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য।

স্বাক্ষর
(মোঃ শাহ জালাল)
সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য।

স্বাক্ষর
(মোঃ জাফরুল হাসান)
শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য।

স্বাক্ষর
(কাজী সাইফুদ্দিন আহমদ)
মালিক পক্ষের স্থায়ী সদস্য।

স্বাক্ষর
(অধ্যাপক ইকবাল আহমদ)
নিরপেক্ষ সদস্য।

স্বাক্ষর
(আনোয়ারুল হক)
চেয়ারম্যান
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।